গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১।
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৭.২৭১

তারিখঃ ২৭ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের বিগত ০৩/০৪/২০১৭ খ্রিঃ তারিখের জেএসসি/পনিদ/নিয়োগ-১০ম-বিজেএস/২/২০১৫/১৭ নম্বর স্মারকের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত সাময়িকভাবে মনোনীত প্রার্থীগণকে অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে সহকারী জজ পদে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন-ভাতাদি) আদেশ, ২০১৬ এর বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডে ৩০৯৩৫-৬৪৪৩০ বেতনক্রমে মেধাক্রম অনুসারে জ্যেষ্ঠতা অক্ষুণ্ন রেখে নিম্নলিখিত শর্তে নিয়োগ করা হলো এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত জেলায় সহকারী জজ (শিক্ষানবিশ) হিসেবে পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | মেধাক্রম | রোল নং | মনোনীত প্রার্থীর নাম | মনোনীত প্রার্থীর পিতা ও স্বামীর নাম | মনোনীত প্রার্থীর জন্ম তারিখ | মনোনীত প্রার্থীর নিজ জেলা | কোটা | নিয়োগকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | ৪র্থ | ৬৯২৬ | আব্দুল আলীম | আব্দুল আজিজ | ২৫.১২.১৯৯২ | ভোলা | মেধা | সহকারী জজ, মানিকগঞ্জ |
| ২. | ৭ম | ৭৬২৯ | মুহাম্মদ আশেকুর রহমান | মুহাম্মদ মাহমুদুর রহমান | ৩০.১২.১৯৯২ | চট্টগ্রাম | মেধা | সহকারী জজ, টাঙ্গাইল |
| ৩. | ১০ম | ৩৩১১ | লিয়াকত সালমান | হাসান মোঃ মুছা | ০১.০১.১৯৯২ | ফেনী | মেধা | সহকারী জজ, সিরাজগঞ্জ |
| ৪. | ১৯শ | ৭৩৫৭ | মো. হাসিনুর রহমান মিলন | মো. আ. মান্নান সরদার | ২৯.০৮.১৯৯২ | গাইবান্ধা | মেধা | সহকারী জজ, কুড়িগ্রাম |
| ৫. | ২৯শ | ৫৪৩৩ | বেলাল হোসেন | মনির আহমদ | ১৬.০৯.১৯৯১ | চট্টগ্রাম | মেধা | সহকারী জজ, কিশোরগঞ্জ |
| ৬. | ৪৬শ | ২৮৮৫ | মোঃ মাহবুবুর রহমান | মোঃ আব্দুল আজিজ | ০৫.০১.১৯৯১ | কুড়িগ্রাম | মেধা | সহকারী জজ, টাঙ্গাইল |
| ৭. | ৪৮শ | ০৪৬৭ | মোঃ বেলাল হোসাইন | মোঃ আনোয়ার আলী | ০৫.০৭.১৯৮৬ | সাতক্ষীরা | মেধা | সহকারী জজ, দিনাজপুর |
| ৮. | ৬৩তম | ৭৮৪৪ | ফারহানা সুলতানা | মোঃ ফরহাদ হোসেন | ৩১.১২.১৯৯১ | ব্রাহ্মণবাড়ীয়া | মেধা | সহকারী জজ,কিশোরগঞ্জ |
| ৯. | ৬৬তম | ৭২৬৭ | মোঃ কামরুজ্জামান | মোঃ আব্দুল মজিদ | ২৮.১১.১৯৯১ | সাতক্ষীরা | মেধা | সহকারী জজ, গোপালগঞ্জ |
| ১০. | ৮৭তম | ৬৪৫৬ | আওলাদ হোসাইন মুহাম্মদ জোনাইদ | আজগর হোসাইন | ২৩.০২.১৯৮৯ | কক্সবাজার | মেধা | সহকারী জজ, ব্রাহ্মণবাড়ীয়া |
| ১১. | ৯৫তম | ০৫৪২ | মোঃ নূরুল হক | ফর্‌রুখ আহমদ | ১০.০৯.১৯৮৬ | কক্সবাজার | মেধা | সহকারী জজ, গাইবান্ধা |
| ১২. | ৯৭তম | ২১৬২ | মোঃ মেজবাহ উদ্দিন ভূঁইয়া | মোঃ ইয়াছিন ভূঁইয়া | ০৪.০১.১৯৯০ | ফেনী | মেধা | সহকারী জজ, মৌলভীবাজার |
| ১৩. | ৯৮তম | ৬৬৭৮ | মোঃ টিপু সুলতান | মোঃ সোলাইমান | ২৫.০১.১৯৯২ | রাজশাহী | মেধা | সহকারী জজ, ঠাকুরগাঁও |
| ১৪. | ১০২তম | ১৬৮২ | তাররাহুম আহমেদ | ছালেহ আহমেদ ভূঁঞা<br>স্বামী- নাজমুল হোসেন চৌধুরী | ০৭.০৯.১৯৮৯ | ফেনী | মেধা | সহকারী জজ, বরিশাল |
| ১৫. | ১০৩তম | ১৬২৬ | মোঃ মোসলেম উদ্দীন | মোঃ গোলাম হোসেন খাঁন | ০৫.১২.১৯৮৯ | নওগাঁ | মেধা | সহকারী জজ, কুড়িগ্রাম |
| ১৬. | ১০৪তম | ২৭৩৭ | শেখ মোঃ মুহিবুল্লাহ | শেখ আতিকুল্লাহ | ০১.১২.১৯৯১ | ফেনী | মেধা | সহকারী জজ, নোয়াখালী |
| ১৭. | ১০৮তম | ৫১৩০ | মোঃ সুমন ভূইয়া | মোঃ বাবুল ভূইয়া | ১৫.০৭.১৯৯১ | ব্রাহ্মণবাড়ীয়া | মেধা | সহকারী জজ, সিলেট |
| ১৮. | ১১৩তম | ৩৯৩৬ | লাবনী সুলতানা পলি | মো. ইদ্রিস আলী | ১১.০৫.১৯৯২ | ঝিনাইদহ | মেধা | সহকারী জজ, মাগুরা |
| ১৯. | ১১৭তম | ০৭৫৩ | মোঃ সুলতান মাহমুদ মিলন | আলহাজ্ব আঃ রহিম খাঁন | ০৪.০৪.১৯৮৭ | বরগুনা | মেধা | সহকারী জজ, ভোলা |
| ২০. | ১২০তম | ৬৮৯৩ | রোকাইয়া বিনতে খালেক | মোঃ আব্দুল খালেক | ২৫.১২.১৯৮৮ | ঝিনাইদহ | মেধা | সহকারী জজ, কুষ্টিয়া |
| ২১. | ১২৩তম | ১৯৯২ | ইসরাফিল আলম | আশেক আলী | ০১.০৩.১৯৯০ | গাইবান্ধা | মেধা | সহকারী জজ, নীলফামারী |
| ২২. | ১২৫তম | ১৭১২ | মোঃ আসাদুর জামান | মোঃ আশরাফ খান | ০৮.০৯.১৯৮৯ | সাতক্ষীরা | মেধা | সহকারী জজ, খুলনা |
| ২৩. | ১৩৫তম | ৪১৮২ | মোঃ আবু বকর সিদ্দিক | মোঃ আব্দুর রশীদ | ০১.১২.১৯৯৩ | চাঁদপুর | মেধা | সহকারী জজ, শরীয়তপুর |
| ২৪. | ১৩৬তম | ৪৪২৫ | মোঃ আবু সাঈদ | মোঃ ইয়াকুব আলী | ১০.০২.১৯৯৩ | বগুড়া | মেধা | সহকারী জজ, রাজশাহী |
| ২৫. | ১৪৫তম | ৪৯৪৮ | নাজমিন আক্তার | আবু সুফিয়ান | ১৪.১২.১৯৯৩ | মেহেরপুর | মেধা | সহকারী জজ, চুয়াডাঙ্গা |
| ২৬. | ১৪৭তম | ৬৬৯৭ | মোঃ তারিক হাসান | মোঃ ইসমাঈল হোসেন | ২৫.০২.১৯৯১ | চুয়াডাঙ্গা | মেধা | সহকারী জজ, টাঙ্গাইল |
| ২৭. | ১৫০তম | ৫২৮৮ | শরিফুল হক | গোলাম হোছাইন | ১৫.১১.১৯৯১ | কক্সবাজার | মেধা | সহকারী জজ, সিলেট |
| ২৮. | ১৫৪তম | ২০০৫ | মরিয়ম আক্তার নিপা | মোঃ আব্দুল গনি পাটওয়ারী | ০১.০৫.১৯৯০ | চাঁদপুর | মেধা | সহকারী জজ, সুনামগঞ্জ |
| ২৯. | ১৭৭তম | ০৬৬৯ | আশফাক আহমেদ | আবরার আহমেদ | ০৭.০১.১৯৮৭ | ঢাকা | মেধা | সহকারী জজ, মুন্সিগঞ্জ |
| ৩০. | ১৮১তম | ৭৬৬৭ | ফখরুল ইসলাম | ইসরাফিল | ৩১.০৩.১৯৯০ | নোয়াখালী | জেলা | সহকারী জজ, কুমিল্লা |
| ৩১. | ১৮৪তম | ২১৪৭ | মেহেনাজ আফরোজ | মীর বদিউল আলম | ০৩.০৮.১৯৯০ | ফেনী | জেলা | সহকারী জজ, ময়মনসিংহ |
| ৩২. | ১৮৬তম | ০৬৩৫ | মাহাদী হাসান | মোঃ খলিলুর রহমান | ০১.০১.১৯৮৭ | মাদারীপুর | জেলা | সহকারী জজ, ফরিদপুর |

২। উক্তরূপে নিয়োগপ্রাপ্ত সহকারী জজের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হবে ঃ

(ক) শিক্ষানবিশ সহকারী জজ হিসেবে চাকরিতে যোগদানের তারিখ হতে তিন মাস [৪০ (চল্লিশ) দিন সিনিয়র সহকারী জজ আদালতে, ০৫ (পাঁচ) দিন জেলা লিগ্যাল এইড অফিসে, ১০ (দশ) দিন যুগ্ম জেলা ও দায়রা জজ আদালতে, ২০ (বিশ) দিন চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এবং ১৫ (পনের) দিন জেলা ও দায়রা জজ আদালত/ কার্যালয়ে] সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ এর তত্ত্বাবধানে আদালতের কার্যাবলী পরিচালনা এবং সরকারি আইনি সহায়তা কার্যক্রম সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণ করবেন;

(খ) এই নিয়োগপত্র অনুসারে যোগদানের তারিখ হতে ২ (দুই) বৎসরের জন্য তিনি শিক্ষানবিশ স্তরে থাকবেন। তবে স্থায়ীকরণের পূর্বে উক্ত মেয়াদ এক বা একাধিকবার অতিরিক্ত ২ (দুই) বৎসর পর্যন্ত বৃদ্ধি করা যাবে;

(গ) শিক্ষানবিশ মেয়াদে (বর্ধিত মেয়াদকালসহ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার কর্তৃক নির্ধারিত এক বা একাধিক প্রতিষ্ঠানে সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(ঘ) পরীক্ষা ও প্রশিক্ষণ সম্পর্কে শিক্ষানবিশ সহকারী জজের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮ অনুসরণ করা হবে;

(ঙ) শিক্ষানবিশকালে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হবার পর অন্যান্য শর্তাদি প্রতিপালন সাপেক্ষে তাঁকে চাকরিতে স্থায়ী (Confirm) করা হবে;

(চ) কোন শিক্ষানবিশের শিক্ষানবিশ মেয়াদ বা বর্ধিত মেয়াদ থাকলে তা চলাকালে যে কোন সময় বা উহা শেষ হবার পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয়, বা ক্ষেত্রমত ছিল না কিংবা তাঁর কর্মদক্ষ হবার সম্ভবনা নাই বা তিনি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হননি বা প্রশিক্ষণ সমাপ্ত করেননি তা হলে নিয়োগকারী কৃর্তপক্ষ উক্ত মেয়াদ চলাকালে বা ক্ষেত্রমত উক্ত ৬ (ছয়) মাসের মধ্যে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাতে পারবেন;

(ছ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ-কে (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হবার পূর্বেই একজন জামানতদারসহ ৫০ (পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশিকালে অথবা শিক্ষানবিশিকাল উত্তীর্ণ হবার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন তা হলে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন এবং প্রশিক্ষণ উপলক্ষ্যে ব্যয়িত সমুদয় অর্থ ফেরৎ দিতে তিনি বাধ্য থাকবেন;

(জ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি তাঁর ইস্তফা পত্র গৃহীত হবার পূর্বে-অনুচ্ছেদ (ছ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তা হলে উপ-অনুচ্ছেদ (ছ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ The Public Demands Recovery Act, 1913 (Act III of 1913) এর বিধান অনুসারে আদায়যোগ্য হবে;

(ঝ) এই প্রজ্ঞাপন দ্বারা নিয়োগপ্রাপ্ত সহকারী জজের জ্যেষ্ঠতা/মেধা তালিকা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক প্রদত্ত সুপারিশ অনুসারে নির্ধারিত হয়েছে;

(ঞ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হন তা হলে তাঁর এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ট) শিক্ষানবিশ সহকারী জজের চাকরি সংক্রান্ত অন্যান্য বিষয়ে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকরির অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ ও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এবং সরকারের প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মাবলী বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১১৬ সাপেক্ষে অনুসরণ করা হবে;

(ঠ) কোন শিক্ষানবিশ সহকারী জজকে চাকরিতে স্থায়ী করা হলে পেনশন, অর্জিত ছুটি ও অন্যান্য বিষয়ে শিক্ষানবিশকালীন মেয়াদ তাঁর মোট চাকরিকালে অন্তর্ভুক্ত হবে;

(ড) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্ট বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে তাঁর চাকরির শর্তাদি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রণীতব্য আইন, আদেশ ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং

(ঢ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

৩। যদি উপরের শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হয় তা হলে তিনি আগামী ১৯-০৪-২০১৮ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে তাঁর নামের পার্শ্বে বর্ণিত জেলার জেলা ও দায়রা জজ এর নিকট যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত হননি মর্মে এই নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এই আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১০/০৪/২০১৮

(মোঃ মাহবুবার রহমান সরকার)
উপ-সচিব (প্রশাসন-১)
ফোনঃ ৯৫৪০৮৮৬।

নং-১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৭.২৭১/১(২৪)

তারিখঃ ২৭ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৯। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০। জেলা ও দায়রা জজ,

সংশ্লিষ্ট নবনিযুক্ত সহকারী জজের যোগদানপত্রের অনুলিপি জরুরি ভিত্তিতে অত্র বিভাগে ডাকযোগে এবং ফ্যাক্সযোগে [ফ্যাক্স নম্বর ৯৫৭৬৬২৪] প্রেরণের জন্য অনুরোধ করা হলো। যদি তিনি যোগদান না করেন তাও অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

১১। বিভাগীয় কমিশনার,
১২। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫ কলেজ রোড, ঢাকা।
১৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৪। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৩/৪/৫/৮/বাজেট, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৫। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে অনতিবিলম্বে প্রকাশ করে এর ৫০ কপি অত্র বিভাগে সরবরাহের জন্য অনুরোধ করা হলো।

১৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,
২০। জেলা হিসারক্ষণ কর্মকর্তা,
২১। হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিয়ষক মন্ত্রণালয়।
২২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
২৩। যুগ্ম সচিব (প্রশাসন-১/২)/উপ সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
২৪। জনাব/বেগম

১০/০৪/১৮

(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।